**নির্বাচন কমিশন কার্যালয়**

কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু), হল ও হোস্টেল সংসদ নির্বাচন-২০২৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।

---

# ভোটের দিনের নির্দেশিকা

**প্রিয় শিক্ষার্থী/ভোটারবৃন্দ,**

চাকসু নির্বাচন ২০২৫-এ আপনাদের স্বাগতম। সুষ্ঠু ও সঠিকভাবে ভোট প্রদানের জন্য নিচের নির্দেশনাগুলো মনোযোগ দিয়ে পড়ুন।

---

## ১। ক্যাম্পাসে প্রবেশ ও পরিচয় যাচাই

- বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশের জন্য নির্ধারিত প্রবেশপয়েন্টগুলো ব্যবহার করুন। উদাহরণস্বরূপ:
    - কাটা পাহাড় (বাণিজ্য অনুষদের সামনে)
    - ৩ নং গোডাউন (প্রফেসর ইউনুস ভবনের পূর্বে)
    - শহীদ মিনারের দক্ষিণের আর্চওয়ে
- ক্যাম্পাসে প্রবেশের সময় সকল শিক্ষার্থীর **বিশ্ববিদ্যালয় আইডি কার্ড** সঙ্গে রাখতে হবে।
- প্রথম বর্ষের শিক্ষার্থীরা চাইলে **ভ্যালিড ব্যাংক পে-স্লিপ** দেখিয়েও প্রবেশ করতে পারবেন।

---

## ২। ভোট কেন্দ্রে প্রবেশ ও ব্যালট গ্রহণ

- নির্দিষ্ট ভবনের সামনের ব্যারিকেডে ভোটাররা **ভ্যালিড আইডি কার্ড** দেখিয়ে মূল ফটক পার করবেন।
- চাকসুর ওয়েবসাইট থেকে আগে থেকেই নিজের **ভোট কক্ষের নাম ও কেন্দ্রের অবস্থান** জেনে নিন।
- প্রার্থী তার নিজ হলের কেন্দ্রে নিয়মমাফিক ভোট দেবেন। নিজের ভোট দেওয়ার পর কোনো প্রার্থী পুনরায় নির্বাচনী কেন্দ্রে (বহিঃস্থ ব্যারিকেডের ভেতর) প্রবেশ করতে পারবেন না।
- নির্ধারিত কক্ষে নির্বাচন কর্মকর্তা, পোলিং এজেন্ট ও নিরাপত্তা জওয়ানরা দায়িত্ব পালন করবেন।
- কক্ষে প্রবেশের পর আপনার আইডি কার্ড **ছবিযুক্ত ভোটার তালিকার** সঙ্গে মিলিয়ে দেখা হবে। এরপর নির্বাচন কর্মকর্তা স্বাক্ষর করে আপনাকে **ব্যালট পেপার** প্রদান করবেন।
- প্রতিজন ভোটারকে সাধারণত **মোট পাঁচটি ব্যালট পেপার** দেওয়া হবে —
    - ব্যালট-১ থেকে ব্যালট-৪: কেন্দ্রীয় চাকসু নির্বাচনের জন্য
    - ব্যালট-৫: নিজ নিজ হল সংসদের নির্বাচনের জন্য

---

## ৩। গোপন কক্ষে ভোট প্রদানের পদ্ধতি

- পাঁচটি ব্যালট নিয়ে নির্ধারিত **গোপন কক্ষে** প্রবেশ করুন।
- কক্ষে রাখা **নির্ধারিত পেন** ব্যবহার করে আপনার পছন্দের প্রার্থীর নামের পাশের **বৃত্ত সম্পূর্ণভাবে ভরাট করুন।**
- ভোট দেওয়ার সময় নিচের নিয়মগুলো অনুসরণ করুন —
    - প্রতিটি পদের জন্য সাধারণত **একটি করে বৃত্ত** ভরাট করতে হবে।
    - চাকসুতে নির্বাহী সদস্য পদে সর্বোচ্চ ৫ টি, হল সংসদে সর্ব্বোচ্চ ৩ টি এবং হোস্টেল সংসদে সর্ব্বোচ্চ ২ টি ভোট প্রদান করা যাবে।
    - ব্যালট পেপারে ভাঁজ দেওয়া যাবে না।
- কোনো পদের জন্য নির্ধারিত সংখ্যার বেশি বৃত্ত ভরাট করলে **শুধুমাত্র সেই পদের ভোটটি বাতিল** হবে; অন্যান্য পদের ভোট বৈধ থাকবে।

**৪। ব্যালট জমা দেওয়া ও কেন্দ্র ত্যাগ**

- ভোট সম্পন্ন করার পর গোপন কক্ষ থেকে বের হয়ে নিজ হাতে নির্দিষ্ট **ব্যালটবাক্সে** ব্যালট ফেলুন —
  - চাকসু ব্যালট পৃষ্ঠা -১ → ১ নম্বর বাক্স
  - চাকসু ব্যালট পৃষ্ঠা -2 → 2 নম্বর বাক্স
  - চাকসু ব্যালট পৃষ্ঠা -3 → 3 নম্বর বাক্স
  - চাকসু ব্যালট পৃষ্ঠা -4 → 4 নম্বর বাক্স
  - হল সংসদের ব্যালট → **হলের নাম লেখা আলাদা বাক্সে** ফেলুন।
- ব্যালট জমা দেওয়ার পর নির্ধারিত **বিকল্প পথে কেন্দ্র ত্যাগ করুন** যাতে কেন্দ্রের প্রবাহ ও শৃঙ্খলা বজায় থাকে।

---

**৫। অন্যান্য গুরুত্বপূর্ণ নির্দেশনা**

- ভোটগ্রহণ চলাকালীন সময়ে নির্বাচন কর্মকর্তা, পোলিং এজেন্ট, রোভার স্কাউট ও নিরাপত্তা সদস্যরা দায়িত্বে থাকবেন; পরিস্থিতি অনুশাসিত ও সুশৃঙ্খল রাখার অনুরোধ রইল।
- কেন্দ্রের ভিড় কম থাকলে নিজ হলের ভোটাররা আইডি কার্ড ও অফিসিয়াল ড্রেস দেখিয়ে **লাইন ছাড়া ভোট দিতে পারবেন** (নির্বাচন কর্মকর্তার অনুমতি সাপেক্ষে)।
- ভোট সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে কোনো রকম **চাপ, প্রলোভন বা বিশৃঙ্খলা সৃষ্টিকারী আচরণ** থেকে বিরত থাকুন।
- কোনো সমস্যা বা অনিয়ম পরিলক্ষিত হলে **অবিলম্বে যোগাযোগ করুন (9610 88 90 00)।**

---

**আপনাদের সক্রিয়, শৃঙ্খলাপূর্ণ ও দায়িত্বশীল অংশগ্রহণই চাকসু নির্বাচন ২০২৫-কে সাফল্যমণ্ডিত করবে। ধন্যবাদ।**

ধন্যবাদান্তে,

**(প্রফেসর ড. এ. কে. এম. আরিফুল হক সিদ্দিকী)**
সদস্য-সচিব, নির্বাচন কমিশন
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন (চাকসু),
হল ও হোস্টেল সংসদ নির্বাচন-২০২৫।